# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


পরিচালকের কার্যালয়
প্রশিক্ষণ পরিদপ্তর
পানি ভবন (২য় তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন-০২-২২২২-৩০০২৪

Office of the Director
Directorate of Training
Pani Bhaban (Level-1)
72, Green Road, Dhaka-1205
e-mail: dtetrainingbwdb@gmail.com
Phone: 02-2222-30024


স্মারক নং- ৪২.০১.০০০০.০২৯.২৫.৭১৫.১৯-৭৬ তারিখঃ ০৬/০২/২০২৩ খ্রি.।

## সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক বিভিন্ন প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সংক্রান্ত বিষয়ে বাস্তবতার আলোকে অধিকতর পেশাদারিত্ব ও গতিশীলতা আনয়নের নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে বোর্ড সচিবালয়ের স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৯৬/০২(কমিটি গঠন)/৩৩৫ তারিখঃ ০১/১১/২০১৬ খ্রি. মোতাবেক ০৬ (ছয়) সদস্যের একটি বাছাই কমিটি রয়েছে (কপি সংযুক্ত)।

প্রশিক্ষণ পরিদপ্তর বোর্ডের সকল ধরণের স্থানীয় এবং বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তা/কর্মচারী মনোনয়নে দায়িত্বপ্রাপ্ত দপ্তর। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত বাছাই কমিটির সুপারিশ ব্যতীত বিভিন্ন দপ্তর থেকে বৈদেশিক প্রশিক্ষণে প্রার্থী মনোনয়ন সংক্রান্ত প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে (অর্থাৎ কমিটির সুপারিশ ব্যতীত) পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করায় মন্ত্রণালয় থেকে নথি ফেরত প্রদান করা হচ্ছে এতে পরবর্তীতে নথি প্রক্রিয়াকরণে জটিলতা সৃষ্টি হচ্ছে। এহেন পরিস্থিতিতে বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশসহ প্রশিক্ষণ পরিদপ্তরের মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তা/কর্মচারীর নাম মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

০২। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদনক্রমে এই সার্কুলারটি জারি করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

০৬.০২.২৩
(মোঃ আব্দুর রশীদ)
পরিচালক
প্রশিক্ষণ পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৯.২৫.৭১৫.১৯-৭৬/১(২) তারিখঃ ০৬/০২/২০২৩ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান/ প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী, (সকল).......................................।
২। সচিব, বোর্ড সচিবালয়,বাপাউবো, ঢাকা।
৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল).............................................................।
৪। সিএসও টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, বাপাউবো ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো)।
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। নির্বাহী প্রকৌশলী, (সকল).......................................................................................।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯। দপ্তর কপি/মাষ্টার নথি।

০৬.০২.২৩
প্রতীক রায়
সহকারী পরিচালক (বৈঃপ্রঃ)
প্রশিক্ষণ পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

একই স্মারক ও তারিখে জারীকৃত দপ্তরাদেশের স্থলাভিষিক্ত হইবে।

ফোনঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ০০৮-২-৯৫৬৪৭৬৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Phone: 9555133
Fax: 008-2-9564763

## সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৯৬/০২(কমিটি গঠন)/৩৩৫ তারিখঃ ১৭-০৭-১৪২৩ বঃ
০১-১১-২০১৬ খ্রিঃ

## দ প্ত রা দে শ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক বিভিন্ন প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সংক্রান্ত বিষয়ে বাস্তবতার আলোকে অধিকতর পেশাদারিত্ব ও গতিশীলতা আনয়নের নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা। | - আহবায়ক |
| ২. | প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা। | - সদস্য সচিব |
| ৩. | চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা। | - সদস্য |
| ৪. | চীফ প্লানিং, বাপাউবো, ঢাকা। | - সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক | - সদস্য |
| ৬. | পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | - সদস্য |

০২। কমিটির কার্যপরিধি নিম্নরুপঃ

(ক) কমিটি এতদ্‌বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের লক্ষে খসড়া প্রণয়নপূর্বক বোর্ডে দাখিল করণ;

০৩। নীতিমালা প্রণীত না হওয়া পর্যন্ত নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করত: প্রার্থী বাছাইয়ের নিমিত্ত কমিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য সুপারিশ করবে:

(১) বাপাউবোর্ড হতে বিদেশে প্রতিটি প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স ইত্যাদিতে অংশগ্রহণের প্রয়োজনে প্রতিটি কোর্সের বিপরীতে সরকারী নীতিমালা ও কোর্সের চাহিদা অনুযায়ী প্রার্থীর নাম বাছাই ও মনোনয়ন এর সুপারিশ করবে;

(২) বৈদেশিক বিভিন্ন সরকারী বা দাতা সংস্থার বৃত্তি বা ব্যক্তিগত উদ্যোগে সংগৃহীত বৃত্তির মাধ্যমে উচ্চ শিক্ষা/শিক্ষা ছুটির জন্য প্রার্থীর নাম সুপারিশ করা;

(৩) বাপাউবোর্ডের বিদ্যমান প্রশাসনিক ক্ষমতা বন্টন ২০০৮ এর আইটেম-২৭ মোতাবেক বৈদেশিক প্রশিক্ষনের ক্ষেত্রে প্রার্থী মনোনয়নে বাপাউবো'র বাছাই কমিটির সুপারিশের বাধ্যবাধকতা রয়েছে। তাই সংশ্লিষ্ট সকলকে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে।

০৪। (১) প্রকল্পের সাথে সংশ্লিষ্ট দপ্তর সমূহ অগ্রাধিকার পাবে।

(২) ডিজাইন, প্লানিং, টাস্কফোর্স, পানি বিজ্ঞান এবং মাঠ পর্যায় থেকে কমপক্ষে একজন করে প্রার্থী অগ্রাধিকার পাবে।

(৩) ক্ষেত্র বিশেষে অতি জরুরী ভিত্তিতে প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে মহাপরিচালক, বাপাউবো এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(৪) মহাপরিচালক মহোদয় কর্তৃক একজন প্রার্থী মনোনীত হবেন।

৫। ইতোপূর্বে গঠিত/জারীকৃত এতদ্‌সংক্রান্ত সকল কমিটি/দপ্তরাদেশ এতদ্বারা বাতিল করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৭/১১/২০১৬
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো।



CS CamScanner

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৯৬/০২(কমিটি গঠন)/৩৩৫ তারিখঃ ১৭-০৭-১৪২৩ বঃ / ০১-১১-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটির আহবায়ক।
২. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটির সদস্য-সচিব।
৩. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটির সদস্য।
৪. চীফ প্লানিং, বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটির সদস্য।
৫. প্রকল্প পরিচালক (সকল)............................................................ও বাছাই কমিটির সদস্য।
৬. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও বাছাই কমিটির সদস্য।

(ওবায়দুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৯৬/০২(কমিটি গঠন)/৩৩৫ তারিখঃ ১৭-০৭-১৪২৩ বঃ / ০১-১১-২০১৬ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

১. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (সকল)...........................................................।
২. নিয়ন্ত্রক (অহিনি), বাপাউবো, ঢাকা।
৩. সচিব, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক/ প্রকল্প পরিচালক /তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)..........................................................।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (সকল)..........................................................................।
৭. অফিস কপি/মাষ্টার কপি/ব্যক্তিগত নথির কপি।

(ওবায়দুল ইসলাম)
উপ-সচিব (প্রশাসন)।



CS CamSc